গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
এমআইএস
এফ-১০, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

সমবায় অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি: কাজী মেসবাহ উদ্দিন আহমেদ
যুগ্ম-নিবন্ধক (গবেষণা ও এমআইএস)
ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি
সমবায় অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ: ২১-০৩-২০২১ খ্রিঃ
সময়: সকাল ১১.০০ টা, সোমবার
স্থান: কক্ষ নং-৮১৬, সমবায় অধিদপ্তর, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা 'ক'তে প্রদর্শিত হয়েছে।

সমবায় অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভা যুগ্ম নিবন্ধক (গবেষণা ও এমআইএস) ও আহবায়ক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

উপস্থিত কমিটির সদস্যবৃন্দ এবং জুম ক্লাউডে বিভাগীয় যুগ্ম-নিবন্ধকবৃন্দ ও বাংলাদেশ সমবায় একাডেমির উপাধ্যক্ষসহ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির আহবায়ক জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্ত পৃথক কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত ইতোমধ্যে ১ম ও ২য় ত্রৈমাসিকের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা হয়েছে এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) ও পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। তারই ধারাবাহিকতায় ৩য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করার নিমিত্ত আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করা হয় এবং আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র: নং:	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ;	কার্যক্রম [১.১] সেবা প্রদান প্রতিশ্রুতির পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অনুযায়ী- ক) সমবায় অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবা ও অভ্যন্তরীণ সেবাসমূহ শাখা ভিত্তিক জানুয়ারি/২২-মার্চ/২২ ত্রৈমাসিক ভিত্তিতে কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সংগ্রহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। খ) মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও পরিবীক্ষণ প্রতিবেদন আণয়নের প্রয়োজনীয়	ক) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রধান কার্যালয়ের শাখাসমূহ হতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৩/০৪/২০২২ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। খ) বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা ও সকল বিভাগীয় যুগ্ম নিবন্ধকের নিকট প্রতি ত্রৈমাসিক শেষ হবার পরবর্তি ৩ (তিন) কার্যদিবসের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি

		ব্যবস্থা গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রেরণ করতে হবে।	
০২.	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ	ক) কার্যক্রম [১.২.১] অনুযায়ী বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের জন্য বিস্তারিত আলোচনা হয়। খ) মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ৮ কলামের ছক মোতাবেক হালনাগাদ করণ এবং বিল বোর্ড আকারে নাগরিক সেবা অংশ উন্মুক্ত স্থানে টাঙানোর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ক) আগামী ৩০/০৩/২০২২ তারিখের মধ্যে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসেইটে আপলোড করতে হবে। খ) মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে স্ব-স্ব ওয়েবসাইটে এবং বিল বোর্ডে টাঙিয়ে এক কপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।	ক) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি খ) অধ্যক্ষ, বাসএ এবং বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল)
০৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	কার্যক্রম [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২০২১-২২ অর্থবছরে ৪টি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। সে প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয় নিয়ে প্রধান কার্যালয়ে ১ম ও ২য় ত্রৈমাসিকে ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ৩য় ত্রৈমাসিক অনুযায়ী আগামী ৩১ মার্চের মধ্যে ১টি প্রশিক্ষণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রধান কার্যালয়ের ৩য় শ্রেণির কর্মচারি হতে ১৪ গ্রেডভুক্ত কর্মচারিদেরকে নিয়ে একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি
০৪.	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।	কার্যক্রম [২.২] অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। সে লক্ষ্যে বিগত ১৪.১১.২০২১ তারিখে অংশীজনদের সমন্বয়ে ১টি অবহিতকরণ সভা সম্পন্ন করা হয়েছে এবং ৪র্থ ত্রৈমাসিকে বাকী ১টি অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	পরবর্তী অংশীজনদের সমন্বয়ে অবহিতকরণ সভা আগামী ৪র্থ ত্রৈমাসিকের মধ্যে সম্পন্ন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি

মাঠ পর্যায়ের কার্যালয়ের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে অন্যান্য গৃহীত সিদ্ধান্তসমূহ:

১. **মন্ত্রিপরিষদ বিভাগকর্তৃক নির্ধারিত ফরম্যাটে (মাঠ পর্যায়ের জন্য) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) আবশ্যিকভাবে ৮ কলামের করতে হবে। (প্রধান কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণযোগ্য)**

২. সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত **পরিবীক্ষণ প্রতিবেদন এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ)** প্রতি ত্রৈমাসিক শেষ হবার ৩ (তিন) কর্মদিবসের মধ্যে পৃথকভাবে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদসহ অন্যান্য কার্যক্রম তার আওতাধীন কার্যালয়সমূহের জন্য একই পদ্ধতি অনুসরণযোগ্য।

৪. প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রতি ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে এবং বিলবোর্ডে সংক্ষিপ্ত পরিসরে নাগরিক সেবা অংশ টাঙিয়ে ছবি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৫. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে অর্জন গৃহীত হবে বিধায় উক্ত কর্মপরিকল্পনার নম্বর প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি কর্তৃক প্রমাণক যাচাই সাপেক্ষে নম্বর প্রদান করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22.03.22
(কাজী মেসবাহ উদ্দিন আহমেদ)
যুগ্ম-নিবন্ধক (গবেষণা ও এমআইএস)
ও
আহবায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি
ফোন+৮৮-০২-৫৮১৫৫৫০৩

স্মারক নম্বর:৪৭.৬১.০০০০.০৪৪.১৮.০১১.২১.২৭ (২৩)

তারিখ: 22-০৩-২০২২খ্রি.।

কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)
০১. অতিরিক্ত নিবন্ধক (সকল)..., সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা।
০৩. যুগ্ম-নিবন্ধক (সকল), বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৪. জনাব..........................., উপ নিবন্ধক ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৫. জনাব ....সহকারী নিবন্ধক ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি,সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৬.নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারি (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৭.অফিস নথি।

22/3/2022
সাইয়্যেদাতুন নেছা
যুগ্ম-নিবন্ধক (উৎপাদনমূখী শিল্প)
ও
সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি
বাস্তবায়ন কমিটি